

স্মারক নং: ৫৩.০৪.০০০০.০২১.৩১.০০৮.২০.৪৯

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

## একই স্মারক ও তারিখ স্থলাভিষিক্ত

**বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা প্রতিপালন।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের জনকল্যাণে গৃহীত সরকারি নীতিসমূহের ধারাবাহিকতা অব্যাহত রেখে ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে গত ১৫/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কতিপয় নির্দেশনা প্রদান করেছেন (কপি সংযুক্ত)। উক্ত নির্দেশনার মধ্যে সামাজিক কার্যক্রমের আওতায় ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ নিম্নরূপ:

- ১) নারী উন্নয়ন ও ক্ষমতায়নে সাফল্যের ধারা অব্যাহত রাখা;
- ২) যুবসমাজকে খেলাধুলা এবং শিল্প-সংস্কৃতি চর্চায় উৎসাহ প্রদানের মাধ্যমে তাদের মাদক, সন্ত্রাস ও জর্জিবাদ হতে বিরত রাখা; এবং
- ৩) অগ্নিসন্ত্রাস ও নাশকতার বিরুদ্ধে সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করা।

এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনাসমূহ পরিপালনের অগ্রগতি (জানুয়ারি-মার্চ ভিত্তিক) সংযুক্ত ছক অনুযায়ী আগামী ০৯ এপ্রিল, ২০২৪ তারিখের মধ্যে অথরিটিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ভবিষ্যতে এতদবিষয়ক নির্দেশনা পরিপালনের অগ্রগতি ত্রৈমাসিক ভিত্তিতে অর্থাৎ জানুয়ারি-মার্চ ত্রৈমাসিকের অগ্রগতি মার্চ মাসের ২৫ তারিখের মধ্যে, এপ্রিল-জুন ত্রৈমাসিকের অগ্রগতি জুন মাসের ২৫ তারিখের মধ্যে, জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকের অগ্রগতি সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের মধ্যে এবং অক্টোবর-ডিসেম্বর ত্রৈমাসিকের তথ্য ডিসেম্বর মাসের ২৫ তারিখের মধ্যে অথরিটিতে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

প্রধান নির্বাহী কর্মকর্তা, সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)।




০৩-০৪-২০২৪

মোঃ জিল্লুর রহমান

পরিচালক

৮৩৩২৫৩৮

director.lic-regu@mra.gov.bd



মহিউদ্দিন শামস রিফাত

সহকারী পরিচালক